রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

রাকাব-এর প্রতিশ্রুতি, শূন্যের কোঠায় দুর্নীতি।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

প্রধান কার্যালয়, রাজশাহী
কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

ফোন - ৮৮-০২৪৭-৮৬০৫৩২
৮৮-০২৪৭-৮৬০৫১৬
- ৮৮-০২৪৭-৮৬০৫২১
E-mail- dgmcad-1@rakub.org.bd

স্মারক নং- প্রকা/কেহিবি-১/সার্কুলার লেটার নং-০১/২০১৭ তারিখঃ ১৯ সেপ্টেম্বর, ২০১৭

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থবছর (২০১৭-২০১৮ কর বছর)-এর কর্মকর্তা/কর্মচারীগণের বেতন আয়ের আয়কর প্রদান ও আয়কর রিটার্ন দাখিল প্রসংগে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক একটি সরকারি বিশেষায়িত ব্যাংক। অত্র ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীগণকে অর্থ আইন, ২০১৭ এর নির্দেশনা মোতাবেক নিজ তহবিল হতে কর প্রদান করতে হবে।

অত্র ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণের ২০১৬-২০১৭ অর্থবছর (২০১৭-২০১৮ কর বছর) এর বেতন আয়ের আয়কর বাবদ ২,২২,৭৮,৫৯৭.০০ টাকা মাত্র নিম্নবর্ণিত ট্রেজারী চালান মারফত জমা দেয়া হয়েছে :

ক্রমিক নং	তারিখ	চালান নং	টাকার পরিমাণ	ব্যাংকের নাম
১।	অগ্রিম আয়কর		২১,০০০.০০	চালান নং-T-১৪২, তারিখ: ৩১-১০-২০১৬ টাকার পরিমাণ: ১,০৫,২২,৪৭৭.০০ সোনালী ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা, রাজশাহী।
২।	০৭-১১-২০১৬	T-৫৭২	৬৫,০০,০০০.০০	সোনালী ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা, রাজশাহী।
৩।	১৯-১২-২০১৬	T-৪৫	২০,০০,০০০.০০	সোনালী ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা, রাজশাহী।
৪।	১২-০১-২০১৭	T-১৭২	২০,০০,০০০.০০	সোনালী ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা, রাজশাহী।
৫।	১৫-০২-২০১৭	T-৩৬	২০,০০,০০০.০০	সোনালী ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা, রাজশাহী।
৬।	১২-০৩-২০১৭	T-১৩৫	২০,০০,০০০.০০	সোনালী ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা, রাজশাহী।
৭।	১১-০৪-২০১৭	T-১০৪	২০,০০,০০০.০০	সোনালী ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা, রাজশাহী।
৮।	১৫-০৫-২০১৭	T-৯৩	২০,০০,০০০.০০	সোনালী ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা, রাজশাহী।
৯।	১৪-০৬-২০১৭	T-৭৭	১০,০০,০০০.০০	সোনালী ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা, রাজশাহী।
১০।	১৭-০৮-২০১৭	T-২	২৭,৫৭,৫৯৭.০০	সোনালী ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা, রাজশাহী।
		মোট =	২,২২,৭৮,৫৯৭.০০	

কর প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীগণের আয়কর পরিশোধের হিসাব সংক্রান্ত ব্রডশীট তালিকা এতদসঙ্গে প্রেরণ করা হলো। অত্র বিভাগের গত ০৯ জুলাই ২০১৭ ইং তারিখের পরিপত্র নং প্রকা/কেহিবি-১/পরিপত্র নং-০৩/২০১৭ মোতাবেক করযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণকে মোট আয়ের উপর ব্রডশীটের হিসাব অনুযায়ী আয়কর নিরূপণ করে সংশোধিত বিবরণী রিটার্নের সাথে জমা দিতে হবে।

ব্রডশীটে উল্লিখিত আয়করের সমপরিমাণ অর্থ ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে আগামী ২১-০৯-২০১৭ তারিখের মধ্যে সম্পূর্ণ পরিশোধ করতে হবে। শাখাসমূহ ২১-০৯-২০১৭ তারিখের মধ্যে কর্মকর্তা/কর্মচারীগণের বেতন আয়ের আয়কর কর্তন সংক্রান্ত ক্রেডিট এ্যাডভাইস (যদি অবশিষ্ট থাকে) ও বিবরণী (ব্রডশীট তালিকার সাথে মিলিয়ে) সংশ্লিষ্ট জোনাল কার্যালয়ে প্রেরণ করবে। জোনাল কার্যালয় তাঁদের আওতাধীন শাখাসমূহের তালিকা ও ক্রেডিট এ্যাডভাইসমূহ যাচাই করে ব্রডশীটের সাথে মিলিয়ে একত্রে আগামী ২৪-০৯-২০১৭ তারিখের মধ্যে সরাসরি আবশ্যিকভাবে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রেরণ নিশ্চিত করবে।

বিভাগীয় কার্যালয় ও বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের আয়কর কর্তনের ক্রেডিট এ্যাডভাইস ও তালিকা সংশ্লিষ্ট বেতন প্রদানকারী শাখা হতে সরাসরি আগামী ২১-০৯-২০১৭ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করার জন্য বলা হলো। এর ব্যত্যয় হলে বেতন প্রদানকারী কর্তৃপক্ষ এবং সংশিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

কর বাবদ অতিরিক্ত প্রদানকৃত অর্থ (যদি থাকে) কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ হতে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের নামে স্বল্পতম সময়ে ক্রেডিট এ্যাডভাইস ইস্যুর মাধ্যমে ফেরত প্রদান করা হবে।

করদাতাগণ সরকারি বিধান মতে ৩০-১১-২০১৭ ইং তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপ-কর কমিশনারের নিকট নিজ দায়িত্বে স্ব-স্ব আয়কর রিটার্ন দাখিল করবেন। আয়কর রিটার্ন দাখিল বিষয়ক সৃষ্ট সকল জটিলতা নিরসন করা সংশ্লিষ্ট ব্যক্তির একক দায়িত্ব।

চলমান পাতা-০২

সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য এ সার্কুলার লেটার জারি করা হলো। এ সংক্রান্ত সকল সার্কুলার ও সার্কুলার লেটারের নির্দেশনা সঠিকভাবে পরিপালন না করার কারণে কোন জটিলতার সৃষ্টি হলে তার দায়দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর উপরই বর্তাবে।

১৯/০৯/২০১৭

(অশোক কুমার আচার্য্য)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ০২৪৭- ৮৬০৫৩২।

স্মারক নং-প্রকা/কেহিবি-১/৩০(১৫)/২০১৭-২০১৮/২১১৩(৪৮০) তারিখঃ ১৯ সেপ্টেম্বর, ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক/সকল বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। সার্কুলার লেটারটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।
৬। উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/ রংপুর।
৭। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা শাখা, ঢাকা/ এল.পি.ও, রাজশাহী।
৮। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাকাব, রাজশাহী।
৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক। জোনের সকল কর্মকর্তা/কর্মচারীর ব্রডশীট তালিকা এতদসঙ্গে প্রেরণ করা হলো। শাখাসমূহে উহার কপি আগামী ২০-০৯-২০১৭ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
১০। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। কর কমিশনার, কর ভবন, কর অঞ্চল, রাজশাহী।
১৩। উপ-কর কমিশনার, বৈতনিক সার্কেল-১৮, কর অফিস, রাজশাহী।
১৪। সকল উপ-কর কমিশনার, জেলা সার্কেল, রাজশাহী বিভাগ।
১৫। মেসার্স মসিহ্ মুহিত হক এন্ড কোং, আয়কর উপদেষ্টা, ইউটিসি বিল্ডিং, লেভেল-১৩, ৮ পান্থপথ, ঢাকা।
১৬। অফিস নথি/ মহানথি।

১৯.০৯.১৭

(মোঃ মহিবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক
ফোনঃ ০২৪৭- ৮৬০৫১৬।